

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১ই-২১/২০০০/অংশ-৬(ক)- ৩৪৫৪(১) জে,

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
১৫ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।


বিষয়ঃ স্টেনোগ্রাফার/ স্টেনো-টাইপিস্ট এবং বেঞ্চ সহকারীগণের চাকুরী সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্রশাসনিক প্রয়োজনে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসহ দেশের বিভিন্ন ট্রাইব্যুনাল, বিভাগীয় স্পেশাল জজ আদালত এবং বিশেষ জজ আদালতে কর্মরত স্টেনোগ্রাফার/ স্টেনো-টাইপিস্ট এবং বেঞ্চ সহকারীগণের চাকুরী সংক্রান্ত তথ্যাদি/ সার্ভিস রেকর্ড নিম্নবর্ণিত ছক অনুযায়ী অত্র কোর্টের হাইকোর্ট বিভাগে সংরক্ষণ করা আবশ্যিক।

নির্ধারিত ছকঃ

জেলার নাম	আদালত/ ট্রাইব্যুনালের নাম	কর্মচারীর নাম, পদবী, স্থায়ী নিবাস, জন্ম তারিখ ও অবসর গ্রহণের তারিখ	স্টেনোগ্রাফার/ স্টেনো-টাইপিস্ট/ বেঞ্চ সহকারী (পেশকার) পদে যোগদানের তারিখ, উক্ত পদের মূল বেতন স্কেল ও চাকুরী স্থায়ীকরণের তারিখ	বর্তমান কর্মস্থলের কর্মকাল এবং পূর্বের কর্মস্থল ও কর্মকাল (যদি থাকে)	মোবাইল নম্বর
-----------	---------------------------	---------------------------------------------------------------------	--------------------------------------------------------------------------------------------------------------------------------	----------------------------------------------------------------------	--------------

২। তৎপ্রেক্ষিতে, সংশ্লিষ্ট ট্রাইব্যুনাল বা আদালতে কর্মরত স্টেনোগ্রাফার/ স্টেনো-টাইপিস্ট এবং বেঞ্চ সহকারীগণের চাকুরী সংক্রান্ত তথ্যাদি/ সার্ভিস রেকর্ড উল্লিখিত নির্ধারিত ছক অনুযায়ী পূরণ করতঃ পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ই-মেইল registrar_hcd@supremecourt.gov.bd ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৬১৯৩২ (অফিস)

কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। বিভাগীয় বিশেষ জজ (জেলা জজ), বিভাগীয় বিশেষ জজ আদালত,----- (সকল)।
- ২। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত,----- (সকল)।
- ৩। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৪। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিদ্রোহকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৫। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৬। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৭। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
- ৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৯। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১০। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ১১। মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ১২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ১৩। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। অফিস কপি।